

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১১৫

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৪. লোকে যাকে গুরুত্ব দেয় না

بَابِ مَنْ لَا يُؤْبَهُ لَهُ

### আরবী

حَدَّتَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّتَنَا سُوَيْدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ، عَنْ زَيْدِ بْنِ وَاقِدٍ، عَنْ بُسْرِ بْنِ عُبَيْدِ اللهَ عليه اللهَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلاَنِيّ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ عليه وسلم ـ " أَلاَ أُخْبِرُكَ عَنْ مُلُوكِ الْجَنَّةِ " . قُلْتُ بَلَى . قَالَ " رَجُلُ ضَعِيفٌ مُسْتَضْعَفٌ ذُو طِمْرَيْنِ لاَ يُوْبَهُ لَهُ لَوْ أَقْسَمَ عَلَى اللهِ لأَبُرَّهُ " .

#### বাংলা

১/৪১১৫। মুআয ইবনে জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি কি তোমাকে জান্নাতের বাদশাব্দের সম্পর্কে অবহিত করবো না। আমি বললাম, হাঁ। তিনি বলেনঃ দু'টি ছিন্নবন্ত্র পরিহিত দুর্বল ও অনাহারী ব্যক্তি যাকে ধর্তব্যে আনা হয় না। কিন্তু সে কোন বিষয়ে আল্লাহর নামে শপথ করলে তিনি তা অবশ্যই পূর্ণ করেন (সে হবে জান্নাতের বাদশাহ্)।

## **English**

It was narrated from Mu'adh bin Jabal that the Messenger of Allah (ﷺ) said: "Shall I not tell you about the kings of Paradise?" I said: 'Yes.' He said: 'A weak and oppressed man who wears tattered clothes and is not paid any heed. If he swears (an oath) by Allah, Allah fulfills it.'"

### ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীকুর রাগীব ৪/৯২। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সুওয়ায়দ বিন আবদুল আযীয সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বাযযার বলেন, তিনি হাফিয নয়, তিনি এককভাবে হাদিস বর্ণনা করলে তার হাদিস দলীল হিসেবে গ্রহনযোগ্য হবে না। আবু বাকর আল-বায়হাকী বলেন, ইমামগণ তাকে দুর্বল



বলেছেন। ইমাম তিরমিয়ি বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৬৪৪, ১২/২৫৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন